

জাতীয় আইনগত সহায়তা প্রদান সংস্কার অধীন দেশের প্রত্যেকটি জেলায় লিগ্যাল এইড অফিস আছে। জেলা লিগ্যাল এইড অফিসের দায়িত্বে নিয়োজিত আছেন একজন লিগ্যাল এইড অফিসার, যিনি সিনিয়র সহকারি জজ পদমর্যাদার একজন কর্মকর্তা। এছাড়া সরকারি খরচে দরিদ্র বিচার প্রার্থীদের মামলা পরিচালনার নিমিত্তে প্রত্যেকটি জেলায় এডভোকেট গণের একটি প্যানেল রয়েছে। লিগ্যাল এইড অফিসারগণ এবং প্যানেলভুক্ত এডভোকেট গণ লিগ্যাল এইড অফিস ব্যবস্থাপনা এবং সরকারি অর্থায়নে মামলা পরিচালনার পাশাপাশি বিনা খরচে দরিদ্র বিচার প্রার্থীগণ কে আইনি পরামর্শ প্রদান করে থাকেন।